



খবর



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের ১০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের সমাপনী দিনে প্রধান বিচারপতি ওবায়দুল হাসানসহ অন্য অতিথিরা। বিজ্ঞপ্তি

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় আইন বিভাগের দশ বছর পূর্তিতে নানা আয়োজন

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের দশ বছর পূর্তি উপলক্ষে ২৭ ফেব্রুয়ারি থেকে ২৯ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়টির আইন বিভাগ নানা কর্মসূচির আয়োজন করে। প্রথম দিনে (২৭ ফেব্রুয়ারি) অনুষ্ঠিত হয় ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী এবং পুরস্কার বিতরণী কার্যক্রম। এ দিন প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদ এর হুইপ এবং বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক মাশরাফি বিন মর্তুজা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সংসদ সদস্য ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন। কার্যক্রমের দ্বিতীয় দিন (২৮ ফেব্রুয়ারি) কেক কেটে এবং শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি র্যালির মাধ্যমে আইন বিভাগ এর দশ বছর পূর্তিকে উদযাপন করা হয়।

এতে প্রধান অতিথি ছিলেন এলকপ এর চেয়ারম্যান ড. মিজানুর রহমান এবং বিশেষ অতিথি ছিলেন নেপাল দূতাবাসের ২য় সেক্রেটারি মিস ইয়োজনা বামজান। কার্যক্রমের তৃতীয় এবং সমাপনী আয়োজন অনুষ্ঠিত হয় ২৯ ফেব্রুয়ারি, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে। এতে প্রধান অতিথি ছিলেন প্রধান বিচারপতি ওবায়দুল হাসান, বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ সূপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতি মো. জাহাঙ্গীর হোসেন।

